তারিখ ...... 18 APR 2017
পৃষ্ঠা ...২... কলাম ...৭...

সমকাল

# ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

■ সমকাল প্রতিবেদক

নানা কর্মসূচির মধ্য দিয়ে গতকাল সোমবার সারাদেশে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। আওয়ামী লীগসহ বিভিন্ন দল ও সংগঠন দিনটি উপলক্ষে পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, মিলাদ ও দোয়া মাহফিল, ফাতেহা পাঠ, আলোচনা সভাসহ দিনব্যাপী কর্মসূচি পালন করেছে।

ভোরে বঙ্গবন্ধু ভবনসহ দলের কেন্দ্রীয় ও সব জেলা কার্যালয়ে জাতীয় এবং দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে আওয়ামী লীগের কর্মসূচি শুরু হয়। সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজধানীর ধানমণ্ডি ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তার প্রতি গভীর শ্রদ্ধা জানান। এরপর কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন তিনি। এ সময় প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের একটি দল গার্ড অব অনার দেয়। বিউগলে বেজে ওঠে করুণ সুর। শেখ হাসিনা পরে আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলের কেন্দ্রীয় নেতাদের নিয়ে জাতির পিতার প্রতিকৃতিতে আরেকবার শ্রদ্ধা জানান।

শ্রদ্ধা নিবেদনকালে প্রধানমন্ত্রীর সঙ্গে দলের কেন্দ্রীয় নেতা ও মন্ত্রিপরিষদ সদস্যদের মধ্যে আমির হোসেন আমু, তোফায়েল আহমেদ, অ্যাডভোকেট ইউসুফ হোসেন হুমায়ুন, মোজাফফর হোসেন পল্টু, মতিয়া চৌধুরী, অ্যাডভোকেট আবদুল

■ পৃষ্ঠা ৪ : কলাম ৬

## ঐতিহাসিক মুজিবনগর

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

মান্নান খান, ড. আবদুর রাজ্জাক, ওবায়দুল কাদের, ডা. দীপু মনি, আবদুর রহমান, আহমদ হোসেন, আ ফ ম বাহাউদ্দিন নাছিম, ড. হাছান মাহমুদ, ফরিদুন্নাহার লাইলী, ড. আবদুস সোবহান গোলাপ, অসীম কুমার উকিল, দেলোয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগ, মহিলা আওয়ামী লীগ, যুবলীগ, যুব মহিলা লীগ, স্বেচ্ছাসেবক লীগ, শ্রমিক লীগ, কৃষক লীগ, ছাত্রলীগ, স্বাধীনতা চিকিৎসক পরিষদ, বঙ্গবন্ধু পরিষদ ও বঙ্গবন্ধু গবেষণা পরিষদসহ বিভিন্ন দল ও সংগঠনের নেতারাও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা জানান।

দিনটি উপলক্ষে মুজিবনগরে ভোরে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, সকালে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, গার্ড অব অনার এবং শেখ হাসিনা মঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ স্যাটেলাইট টেলিভিশনগুলো বিশেষ অনুষ্ঠানমালা প্রচার এবং সংবাদপত্রগুলো বিশেষ ক্রোড়পত্র ও নিবন্ধ প্রকাশ করে।

রাজধানীর শিল্পকলা একাডেমিতে মুক্তিযুদ্ধভিত্তিক বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা অনুষ্ঠান, জেলা ও উপজেলা পর্যায়ে মুক্তিযুদ্ধভিত্তিক বিশেষ আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিভিন্ন উন্মুক্ত স্থান ও প্রেক্ষাগৃহে মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

**আরও আয়োজন :** দিনটি উপলক্ষে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন রাজধানীর কাকরাইলের আইডিইবি ভবনে আলোচনা সভা করেছে। সংগঠনের সভাপতি একেএমএ হামিদের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন একেএম আবদুল মোতালেব, আবদুন নুমান প্রমুখ।

জাতীয় গণতান্ত্রিক লীগ ও ন্যাপ ভাসানী জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছে। জাতীয় গণতান্ত্রিক লীগের সভাপতি এমএ জলিলের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন মোস্তাক আহমেদ ভাসানী, অ্যাডভোকেট খন্দকার শামসুল হক রেজা, অ্যাডভোকেট কাজী সারওয়ার হোসেন, আ স ম মোস্তফা কামাল প্রমুখ।

বঙ্গবন্ধু গবেষণা পরিষদ রাজধানীর কলাবাগান থেকে ধানমণ্ডি ৩২ নম্বর পর্যন্ত র‍্যালি শেষে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে আলোচনা সভা করেছে। সংগঠনের সভাপতি গনি মিয়া বাবুলের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন নুরুল ইসলাম তালুকদার, অ্যাডভোকেট খান চমন-ই-এলাহী, কামাল হোসেন খান, মাসুদ আলম, এসএম আজাদ, ড. জাহেদুল ইসলাম সিদ্দিকী, আমিনুল ইসলাম, খাদেমুল ইসলাম, এসএম ফয়েজ, হুমায়ুন হিমু প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| প্রঃ পরিসংখ্যান বিভাগ | |
| সিঃ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর